দুই বৃদ্ধার রহস্যমৃত্যুকে কেন্দ্র করে ধূপগুড়িতে তীব্র চাঞ্চল্য

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১২ আগস্ট ঃ শনিবার সাতসকালে পরপর দুই বৃদ্ধার রহস্যমৃত্যুকে কেন্দ্র করে জলপাইগুড়ির ধূপগুড়িতে তীব্র চাঞ্চল্য দেখা দেয়। দু'জনেই বৃদ্ধা। একজনের বস্তাবন্দি। আরেকজনের গলার নলি কাটা অবস্থায় উদ্ধার হল দেহ। শনিবার সকালে ধূপগুড়ি পুরসভার ৫ নং ওয়ার্ডে উদ্ধার হল বস্তা বন্দি এক বৃদ্ধার মৃতদেহ। দেহটি উদ্ধার হয় সূর্যসেন কলোনী পাড়ায়। মৃত বৃদ্ধার নাম পুষ্পা গাইন(৭৬)। এদিন সকালে রাস্তার পাশে বস্তাবন্দি অবস্থায় উদ্ধার হয় বৃদ্ধার দেহ। খবর পেয়ে পুলিশ দেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠায় জলপাইগুড়ি জেলা হাসপাতালে। বৃদ্ধার শরীরের একাধিক জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে। অনুমান করা হচ্ছে মৃত্যুর পেছনে কোনও তন্ত্রসাধনার ঘটনাও থাকতে পারে। জানা গিয়েছে, মৃত বৃদ্ধা ছিলেন বিদ্যুৎ দপ্তরের অবসরপ্রাপ্ত কর্মী। বৃদ্ধা শুক্রবার দুপুরে বাড়ি থেকে বেড়িয়ে আর ফেরেন নি। এদিন সকালে রাস্তার পাশে প্রতিবেশীদের নজরে আসে একটি বস্তা, যার ভেতর থেকে বৃদ্ধার পা বেরিয়ে ছিল। এরপরই খবর দেওয়া হয় ধূপগুড়ি থানায়। পুলিশ এসে বস্তার ভিতর থেকে বৃদ্ধার দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠায় জলপাইগুড়ি জেলা হাসপাতালে। বৃদ্ধার গলা এবং মাথায় আঘাতের চিহ্ন রয়েছে। কপাল থেকে চামড়া তুলে নেওয়া হয়। তার শরীর

থেকে সোনার গয়না উধাও হয়ে যায় বলে দাবি পরিবারের। মৃতদেহের আঘাতের চিহ্ন দেখে অনুমান করা হচ্ছে শুধু অলঙ্কার হাতিয়ে নেওয়াই নয়, পেছনে থাকতে পারে তন্ত্রসাধনার তত্ত্ব। মৃতার মেয়ে গৌরি সরকার জানায়, তাঁর মায়ের গলায় ও হাতে মূল্যবান অলংকার ছিল। যা মৃতদেহের শরীরে পাওয়া যায়নি। এদিকে এই ঘটনায় মৃতের পরিবারের অভিযোগক্রমে হত্যার মামলা রুজু করেছে ধূপগুড়ি থানার পুলিশ। ঘটনার তদন্তে নেমে ইতিমধ্যেই এলাকার সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে এক যুবককে আটক করেছে ধূপগুড়ি থানার পুলিশ। আরও এক যুবককে শনাক্ত করে তাঁর খোঁজে তল্লাশি চালাচ্ছে। প্রতিবেশীদের দাবী, অভিযুক্তরা সম্পর্কে দুই ভাই। তারা দীর্ঘদিন থেকে তন্ত্রসাধনার সঙ্গে যুক্ত। এর আগেও এক অভিযুক্তের বিরুদ্ধে স্ত্রীকে বিক্রি করে দেওয়ার অভিযোগ উঠেছিল। তখনও অভিযোগের ভিত্তিতে গ্রেফতার হয়েছিল। অন্যদিকে, শান্তি রায়(৬২) নামে আরও এক বৃদ্ধার দেহ উদ্ধার হয়। সাকোয়াঝোড়ার মল্লিককোঠায় এলাকার বাসিন্দা তিনি। বাড়ির পাশে চা বাগানের নর্দমা থেকে তাঁর দেহ উদ্ধার করা হয়। গলার নলি কাটা ছিল ওই বৃদ্ধার। শুক্রবার রাতে বাড়ি থেকে বের হওয়ার পর থেকেই নিখোঁজ শান্তি রায় নিখোঁজ হয়। শনিবার সকালে বাড়ির অদূরেই বাঁশ ঝাড়ে নলিকাটা অবস্থায় পাওয়া যায়। প্রতিবেশী মন্ত্রী রায় জানায়, কিভাবে ঘটল তা জানা নেই। অভাবে নৃশংস ভাবে নলিকাটা দেখে সকলেই হতবাক। খুন নাকি অন্য কিছু, তা খতিয়ে দেখছে ধূপগুড়ি থানার পুলিশ। একের পর এক হত্যা কাণ্ডের ঘটনায় স্বাভাবিকভাবেই তীব্র হইচই। কেন দুই বৃদ্ধা দুষ্কৃতীদের টার্গেট হলেন, তা তদন্ত করছে পুলিশ।

রক্তাক্ত চিকিৎসক বন্ধু

নার্সিং ছাত্রী উদ্ধার

দুরন্ত বার্তা, মেদিনীপুর, ১২ আগস্ট ঃ শুক্রবার রাতে এক অপহৃত নার্সিং ছাত্রীর খোঁজে শুরু হয় পুলিশি তল্লাশী। প্রায় ছ'ঘণ্টা পর রাত সাড়ে বারোটা নাগাদ নাগরু তরুণীর খোঁজ মেলে। ওই ছাত্রী তাঁর চিকিৎসক বন্ধুর সঙ্গে বেরিয়ে ফেরার পথে অপহৃত হয়েছিলেন। উদ্ধার হওয়া তরুণী মানসিকভাবে বিপর্যস্ত। তবে শারীরিকভাবে কোনও ক্ষতি হয়নি তাঁর। কে বা কারা ওই তরুণীকে অপহরণ করলেন, তা এখনও জানা যায়নি। মেদিনীপুর শহর থেকে মাত্র তিন কিলোমিটার দূরের এই ঘটনায় স্বাভাবিকভাবেই পুলিশি নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠছে। সূত্রের খবর, মেদিনীপুর নার্সিং কলেজের ওই পড়ুয়ার সঙ্গে হোমিওপ্যাথি মেডিকেল কলেজের এক হাউস স্টাফের সম্পর্ক তৈরি হয়। শুক্রবার তাঁরা দু'জনে ফুলপাহাড়ি ড্যামে বেড়াতে যান। অভিযোগ, সন্ধেয় বাড়ি ফেরার সময় অমরাতলা জঙ্গলে দু'জন তাঁদের পথ আটকায়। ওই দুই আগন্তুক তরুণীর চিকিৎসক বন্ধুকে বেধড়ক মারধর করা হয়। তাঁর কাছে থাকা মোবাইল এবং টাকাপয়সা কেড়ে নেওয়া হয় বলেই অভিযোগ। এরপর তরুণীকে অপহরণ করে নিয়ে যায় তারা। রক্তাক্ত অবস্থায় কোনওক্রমে মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে যান। গুড়গুড়িপাল থানায় গোটা ঘটনার অভিযোগ জানান। নার্সিং ছাত্রীকে পুলিশি তৎপরতায় প্রায় ছ'ঘণ্টা পর উদ্ধার করা হয়। মেদিনীপুরের এই ঘটনায় জোর শোরগোল পড়ে গিয়েছে। কে বা কারা তাঁকে অপহরণ করল, কেনই বা করা হল, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

বিশ্ব হাতি দিবসে হাতি-মানুষ সংঘাত রোধে সচেতনতা শিবির

দুরন্ত বার্তা, মালবাজার, ১২ আগস্ট ঃ ডুয়ার্সের মাল, মেটেলি, নাগরাকাটা সহ বিভিন্ন এলাকার চা বাগান ও গ্রামাঞ্চলে বুনো হাতির হামলা বেড়েই চলছে। গ্রামাঞ্চলে হানা দিয়ে মাঝেমধ্যে ফসল খেয়ে সাবাড় করছে হাতি। বাড়িঘর ভেঙে মজুত খাবার খেয়ে চলে যাচ্ছে। এইরকম পরিবেশে মানুষ ও হাতির সংঘাত বাড়ছে। এতে উদ্বিগ্ন বন বিভাগ থেকে পরিবেশ প্রেমীরা। এরকম পরিবেশে শনিবার ছিল বিশ্ব হাতি দিবস। এই উপলক্ষে এদিন নাগরাকাটা ব্লকের বনাঞ্চল ঘেরা শিবচুতে স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগ স্থানীয় মানুষ ও স্কুল পড়ুয়াদের নিয়ে হাতি-মানুষ সংঘাত এড়াতে এক সচেতনতা শিবির করা হয়। সেখানে সংস্থার পক্ষ থেকে উপস্থিত ছিলেন শ্যামাপ্রসাদ পাণ্ডে, তমাল দাস, অর্কপ্রভ সরকার, সৌরভ মন্ডল, বনগ্রাম শাখার খুনিয়া স্কোয়াডের রঞ্জোর সজল কুমার দে এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিক্ষিকা ও পড়ুয়ারা। রঞ্জোর ও সংস্থার কর্মীরা হাতি ও মানুষের মধ্যে সংঘাত এড়াতে কি কি করনীয় তা বর্ণনা করেন। এদিন চালসার কাছে বনবস্তি চালসা ন্যাচার স্টাডি এন্ড অ্যাডভেঞ্চার সোসাইটির তরফে স্কুল পড়ুয়াদের নিয়ে এক হাতি বিষয়ক শিবির করা হয়। সেখানে বিশিষ্ট পরিবেশ প্রেমী মানবেন্দ্র দে সরকার বলেন, হাতি অত্যন্ত সংবেদনশীল ও অনুভবি প্রাণী। খাদ্যের সন্ধানে বস্তি এলাকায় হানা দেয়। ঘ্রাণ শক্তি প্রবল থাকায় কোথায় খাবার আছে খুঁজে নেয়। সাধারণত আক্রমনমুখী নয়। কিন্তু, পরিস্থিতি পরিপ্রেক্ষিতে সংঘাত হয়। এই প্রবণতা এড়াতে মানুষকেই

হাসপাতালে মৃত্যু হল অগ্নিদগ্ধ বৃদ্ধার

দুরন্ত বার্তা, মালদা, ১২ আগস্ট ঃ রান্না করতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা চলাকালীন মৃত্যু হল এক বৃদ্ধার। মর্মান্তিক ঘটনাটি ঘটেছে মালদা জেলার গাজোল থানার রাঙাডিহি এলাকায়। মৃত বৃদ্ধার নাম তপতী বাগচি(৫৭) পরিবার ও পুলিশ সূত্রে জানা যায় গত সোমবার দুপুরে বাড়িতে রান্না করছিলেন ওই বৃদ্ধা। রান্না করতে গিয়ে গ্যাসের আগুন বৃদ্ধার শরীরে লেগে যায়। বৃদ্ধার চিৎকারে পরিবারে সদস্যরা ছুটে এসে অগ্নিগ্রস্ত অবস্থায় বৃদ্ধাকে উদ্ধার করে প্রথমে স্থানীয় হাসপাতালে নিয়ে যান। সেখানে অবস্থার অবনতি হলে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসা চলাকালীন শনিবার সকালে মৃত্যু হয় ওই বৃদ্ধার। ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে মৃত বৃদ্ধার পরিবারসহ গোটা এলাকায়।

Durgapur Municipal Corporation
City Centre, Durgapur - 713216, Dist.-Paschim Bardhaman

E-Tender Notice

1) Name of the Work: Providing Electric Connection for the VRF AC System proposed to be installed at (G PLUS 5) Mangalik Building.
6-Tender No. : **WBDMC/ASSET/NIT-29/23-24 (2nd Call)**
Tender ID : **2023_MAD_556952_1** • Estimated Amount : Rs. 1,12,351/-
2) Name of the Work: Dismantling and Reconstruction of Drain with Cover Slab near Sajen Nayek House, Faridpur within Ward No.- 33, DMC.
e-Tender No. : **WBDMC/DRGSW/NIT-55/23-24**
Tender ID : **2023_MAD_556917_1** • Estimated Amount : Rs. 1,56,908/-
Last Date : 21st August 2023. up to 05:00 pm
For details : **wbtenders.gov.in**
Sd/- Executive Engineer, M.E.DTE, Govt. Of W.B., Posted at DMC

বিরোধী সমর্থনেই বোর্ড তৃণমূলের

দুরন্ত বার্তা, মালদা, ১২ আগস্ট ঃ বিরোধী দলের সমর্থন নিয়ে ভোটাভুটির মাধ্যমে ইংরেজবাজার ব্লকের মিষ্কি গ্রাম পঞ্চায়েত বোর্ড গঠন করলো তৃণমূল কংগ্রেস। ২৩-৫ ভোটে বিরোধীদের পরাজিত করে তৃণমূল। শনিবার দুপুরে মিষ্কি গ্রাম পঞ্চায়েতে টানটান উত্তেজনার মধ্যে দিয়ে এই পঞ্চায়েত বোর্ড গঠন প্রক্রিয়া শুরু হয়। অবশেষে সিপিএম, কংগ্রেস এবং অন্যান্য দলের সমর্থন নিয়েই মিষ্কি গ্রাম পঞ্চায়েত গঠন করে তৃণমূল। দলীয় সূত্রে জানা গিয়েছে, মিষ্কি গ্রাম পঞ্চায়েতের মোট আসন সংখ্যা রয়েছে ২৬টি। এবারে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল কংগ্রেস পেয়েছে ১১টি আসন। কংগ্রেস পেয়েছে সাতটি। সিপিএম পেয়েছে দুটি। বিজেপি পেয়েছে তিনটি এবং তিনটি আসন পেয়েছে নির্দল। মিষ্কি গ্রাম পঞ্চায়েতটি ত্রিশঙ্কু হয়েছিল। প্রথম থেকেই এই গ্রাম পঞ্চায়েত দখল করতে মরিয়া হয়ে উঠেছিল তৃণমূল। তবে আশঙ্কা ছিল তৃণমূলের একাংশ নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের নিয়ে বোর্ড গঠন করতে পারে বিরোধীরা। কিন্তু বিরোধীদের সম্পূর্ণ পরিকল্পনায় জল ঢেলে দিয়েছে তৃণমূল। উল্টে বিরোধীদের সমর্থন নিয়ে মিষ্কি গ্রাম পঞ্চায়েত দখল করেছে তৃণমূল কংগ্রেস। প্রধান হয়েছেন মহসিনা বিবি এবং উপপ্রধান হয়েছেন সান্তনা পোদ্দার। মিষ্কি গ্রাম পঞ্চায়েতে অঞ্চল কমিটির নেতা তথা ইংরেজবাজার ব্লক কমিটির সহ সভাপতি মনোজ পোদ্দার জানিয়েছেন, মিষ্কি গ্রাম পঞ্চায়েত ত্রিশঙ্কু ছিল। তবে এদিন বোর্ড গঠনের সময় আমরা সেটি গঠন করতে পেরেছি। বিরোধীদের কিছু নির্বাচিত সদস্যরা তৃণমূলকে সমর্থন জানিয়েছেন। ভোটাভুটির মাধ্যমে ২১টি ভোট পেয়ে তৃণমূল বোর্ড দখল করেছে। আমরা সকলকে সাধুবাদ জানাচ্ছি। গ্রামীন এলাকায় উন্নয়নের দিকে লক্ষ্য রেখে বিরোধী দলের কিছু পঞ্চায়েত সদস্য তৃণমূলকে সমর্থন করেছে। তাতেই মিষ্কি গ্রাম পঞ্চায়েত বোর্ড গঠন করেছে তৃণমূল কংগ্রেস।

তৃণমূল ছাত্র পরিষদের প্রস্তুতি সভা

দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ১২ আগস্ট ঃ আগামী ২৮ শে আগস্ট কলকাতায় গান্ধীমূর্তির পাদদেশে অনুষ্ঠিত হতে চলেছে তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস। তাই ২৮ আগস্ট সামনে রেখে শনিবার ঝাড়গ্রাম জেলার সাঁকরাইল ব্লক তৃণমূল ছাত্র পরিষদের সদস্যদের নিয়ে সাঁকরাইল এ.বি.এস কলেজ প্রাঙ্গণে প্রস্তুতি সভার আয়োজন করা হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য সম্পাদক তথা ঝাড়গ্রাম জেলা তৃণমূল ছাত্র পরিষদের কো-অর্ডিনেটর আশিষ আহমেদ ও রাজ্য তৃণমূল ছাত্র পরিষদের সহ সভাপতি শৌভিক রায়, সাঁকরাইল ব্লক তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি সুমিত দাস। তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য সম্পাদক তথা ঝাড়গ্রাম জেলা তৃণমূল ছাত্র পরিষদের কো-অর্ডিনেটর আশিষ আহমেদ বলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জঙ্গলমহলকে সিপিএমের হার্মাদ বাহিনী থেকে উদ্ধার করেছেন। ঝাড়গ্রাম জেলার প্রতিটি রাস্তা ঝাঁ চকচকে করেছে, সব জায়গায় উন্নয়ন হয়েছে এই জেলায়। তৃণমূল ছাত্র পরিষদের সমাবেশে গত বছর ঝাড়গ্রাম জেলার সাঁকরাইল থেকে সব থেকে বেশি ছাত্র-ছাত্রী গিয়েছিল। এবার আরও বেশি ছাত্র-ছাত্রীদের নিয়ে যেতে হবে। তিনি আরও বলেন, সভা-সমাবেশ তো চলবেই, পাশাপাশি সোশ্যাল মিডিয়ায় আমাদের সক্রিয় থাকতে হবে। সামনেই লোকসভা নির্বাচন, সোশ্যাল মিডিয়ার মাধ্যমে দিদির উন্নয়ন দিকে দিকে ছড়িয়ে দিতে হবে আমাদের। অপরদিকে ২৮ আগস্ট সামনে রেখে শনিবার গোপীবল্লভপুর ১ নম্বর ব্লক তৃণমূল ছাত্র পরিষদের সদস্যদের নিয়ে প্রস্তুতি সভার আয়োজন করেন গোপীবল্লভপুর ব্লক ছাত্র সভাপতি দীপঙ্কর দে। ওই প্রস্তুতি সভায় তৃণমূল ছাত্র পরিষদের কর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন।

স্ত্রীকে খুনের অভিযোগ স্বামীর বিরুদ্ধে

দুরন্ত বার্তা, কোচবিহার, ১২ আগস্ট ঃ স্ত্রীকে খুন করার অভিযোগ উঠল স্বামী বিরুদ্ধে। দিল্লি থেকে কোচবিহারে নিয়ে আসা হয়েছিল মৃতদেহ। খবর পেয়ে মৃতার পরিবারের পক্ষ থেকে অ্যান্থুলেন্স আটক করে পুলিশের হাতে তুলে দেয় মৃতদেহ। অভিযোগ তুফানগঞ্জের নাটাবাড়ি জাকির চিলাখানা এলাকার বাসিন্দা মনসের আলী মন্ডল এবং হালিমা বিবির বিয়ে হয়েছিল প্রায় ১২ বছর আগে। কর্মসূত্রে তারা দিল্লিতে থাকতেন। হালিমা বিবির পরিবারের কাছে বৃহস্পতিবার সকালে হঠাৎ করে খবর আসে হালিমা বিবির মৃত্যু হয়েছে। পরিবারের অভিযোগ বেশ কিছুদিন ধরেই হালিমা বিবির উপর অত্যাচার চালাচ্ছিল মনসের আলী। মৃত্যুর পরেও মনসের আলী বা তার পরিবারের কেউ হালেমা বিবির পরিবারের কাউকে খবর দেয়নি। দিল্লি থেকে এক প্রতিবেশী ফোনে সমস্ত বিষয় জানায়। পরিবারকে না জানিয়েই দিল্লি থেকে কোচবিহারে নিয়ে আসা হয় মৃতদেহ। আজ সকালে হালিমা বিবির পরিবারের সদস্য এবং স্থানীয় বাসিন্দারা আলিপুরদুয়ারের সোনাপুর এলাকা থেকে অ্যান্থুলেন্স টিকে আটক করে কোচবিহারে নিয়ে আসে এবং মৃত্যুর কারণ জানতে পুলিশের দ্বারস্থ হয়। পুলিশ মৃতদেহটি ময়নাতদন্তের জন্য কোচবিহার মেডিকেল কলেজে পাঠিয়ে দেয়। হালিমা বিবির পরিবারের দাবি হালিমা বিবির শরীরে আঘাতের চিহ্ন রয়েছে। দিল্লিতে কোন চিকিৎসককে দেখানো হয়নি। নেওয়া হয়নি ডেথ সার্টিফিকেট। মৃতদেহ গোপনে নিয়ে এসে বকর দেওয়ার পরিকল্পনা করেছিল তার স্বামী।

ছেলের হাতে খুন

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১২ আগস্ট ঃ পারিবারিক অশান্তির জেরে ছেলের হাতে খুন বাবা। চাঞ্চল্যকর এই ঘটনা ঘটেছে জলপাইগুড়ি সদর ব্লকের পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের ডেঙ্গুয়াঝাড় চা বাগানে। বাগানের বড় লাইন এলাকায় পরিবারের সদস্যদের সামনেই মদ্যপ বাবাকে পিটিয়ে মারলো ছেলে। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে গোটা এলাকায়। অভিযোগ, ছেলে বিনু ওরাওঁ তার মদ্যপ বাবাকে পিটিয়ে মেরেছে। দীর্ঘদিন ধরেই মদ্যপ বাবার অত্যাচার চলছিল বলে অভিযোগ। সেই অত্যাচার সহ্য করতে না পেরে বাবাকে লাঠি দিয়ে মারধর করে বিনু। সেই লাঠির আঘাতেই মৃত্যু হয় বাবা পালসু ওরাওঁয়ের। পালসুর দ্বিতীয় ছেলে ভানুয়া ওরাওঁ শনিবার বাবার মৃত্যুর জন্য বিনু ওরাঁকে দায়ী করেন। এই নিয়ে দুই ভাইয়ের মধ্যে ব্যাপক গন্ডগোল শুরু হয়। মৃত পালসু ওরাওঁয়ের বয়স ৬৫। ডেঙ্গুয়াঝার চা বাগানের প্রাক্তন শ্রমিক তিনি। খবর পেয়ে ঘটনাস্থলে আসে জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ। অভিযুক্ত বিনু ওরাওঁকে আটক করেছে পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছেন তারা। মৃতদেহ ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি মেডিকেল কলেজে ও হাসপাতালের মর্গে পাঠানো হয়।

দক্ষিণ পূর্ব রেলওয়ে — টেন্ডার

ভারতের রাষ্ট্রপতির তরফে ডিভিশনাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ার, খড়গপুর, দক্ষিণ-পূর্ব রেলওয়ের নিম্নদিখিত কাজগুলির জন্য ই-টেন্ডার আহ্বান করছেন।
ট্রেন নং এবং ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং; অবস্থান সহ কাজের নামের সংক্ষিপ্ত বিবরণ; বিআরপি মূল্যমান; খামানুদান ঃ (১) এম.এস.এমই ইন ক্লিয়ার ফাংশনটোরাস, তারিখ ০৯.০৮.২০২৩; ৩০% সিসি এবং প্রিমিয়াম এক্সটেনশনের বৃদ্ধির জন্য অ্যাউটসোর্সিংয়ের মাধ্যমে সিনেপুরা ফ্রেট ডিপোয়ের ওয়াং স্ট্রেংথ বৃদ্ধি; ৩,৩৪,১৯,৯৭১.৭০ টাকা; ৬,৩২,১০০ টাকা (২) এম.এইচএসজেড ইনজিনিয়ারিং ফ্যাংসটিভার, তারিখ ০৯.০৮.২০২৩; ৩০% সিসি এবং প্রিমিয়াম এক্সটেনশন বৃদ্ধির জন্য আউটসোর্সিংয়ের মাধ্যমে হলদিয়া ফ্রেট ডিপোয়ের ওয়াং স্ট্রেংথ বৃদ্ধি; ১,৩৫,১৬,০৩৫.০০ টাকা; ২,৭৭,৬০০ টাকা। বিড জমা শুরুর তারিখ ঃ উপরের জন্য ১৭.০৮.২০২৩। ই-টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ উপরের জন্য ৩১.০৮.২০২৩-এ বিকাল ৪টা। ওয়েবসাইটের বিবরণ ঃ www.ireps.gov.in (PR-526)

ওএফবি নীতিয়ায় তৈলনেতা সংবেদনের ব্যবস্থা করা

ই-টেন্ডার নোটিস নং. ওএফবি/টেন্ডার/২০২৩/০৭ তারিখঃ ১০.০৮.২০২৩। নিম্ন অফরকর্তার থার নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। ই-টেন্ডার সংখ্যা. এপি-এসটি-৭৫ ৯৩২৩-২৪। কাজের নাম: অগ্নিনিরোধক মডেলের দিঘির কার্যালয় এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে ইন্সটেন্ট সেন্টেন্ট মধ্যকে অধ্যাপি ইউরিয়া প্রেইন্সটি সংবেদনের ব্যবস্থা করা। টেন্ডার বাদি ১,১৯,৯৭,৬৮১.- টিকা। ত্রাক সুরক্ষা জমা ২,৩৯,০০০.- টাকা। টেন্ডার জমা করার তারিখ এবং সময়: ০৪.০৯.২০২৩ তারিখে ১৪.০০ ঘণ্টায় এবং খোলা হবেঃ ০৪.০৯.২০২৩ তারিখে ই-টেন্ডার বন্ধ হওয়ার পরে। বিস্তৃত তথ্যের জন্য অনুগ্রহ করে www.ireps.gov.in ওয়েবসাইটে অবলোকন করুন।

হিমাংশু রাও (এপএসও), আলিপুরদুয়ার মন্ডল
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"সর্বোচ্চ মান নিশ্চয়তা"

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHABAN, BIDHANNAGAR

NIT No. 406/PWD/ROAD/BMC,
Dated: 12.08.2023

e-Tender has been invited for Repairing of bituminous and concrete road at different locations within ward no. 35 to 39 under BMC.
For details, please follow **Tender Id 2023_MAD_556954_1 to 5 in www.wbtenders.gov.in** Office Notice Board. **Last date of Bid submission - 22/08/2023 up to 3.00 p.m.**

Sd/-
Executive Engineer
Bidhannagar Municipal Corporation

হিন্দকোন কেমিক্যালস লিমিটেড
CIN : L24117WB1998PLC087800
রেজি অফিস ঃ ৬২বি, ব্রাউনফিল্ড রো, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০২৭
E-mail : contactus@hindcon.com, Website : www.hindcon.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফল
বিবরণী ত্রৈমাসিক সমাপ্তে ৩০ জুন, ২০২৩

(লক্ষ টাকায়)

	বিবরণ	স্বতন্ত্র ফলাফল			একত্রীকরণ ফলাফল		
		ত্রৈমাসিক সমাপ্তে ৩০.০৬.২০২৩	পূর্বেকার বছর শেষে ৩১.০৩.২০২৩	চলতি তিন মাস সমাপ্তে পূর্বেকার বছরে ৩০.০৬.২০২২	ত্রৈমাসিক সমাপ্তে ৩০.০৬.২০২৩	পূর্বেকার বছর শেষে ৩১.০৩.২০২৩	চলতি তিন মাস সমাপ্তে পূর্বেকার বছরে ৩০.০৬.২০২২
		অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে	১,৭৬৬.২৯	৮,২৭২.৩৫	২,১২৬.৫৪	১,৭৬৮.৫০	৮,৬৭৭.৯৪	২,১২৯.২৮
২	মোট লাভ মেয়াদে (করের পূর্বে এবং ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত-সাধারণ আইটেমের)	৬৪১.৮৯	৫৮৮.৯৮	১৪০.৬৯	৬৪২.১৪	৬০২.২৮	১৪২.৮৭
৩	মোট লাভ মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত-সাধারণ আইটেম পরর্বে)	৬৪১.৮৯	৫৮৮.৯৮	১৪০.৬৯	৬৪২.১৪	৬০২.২৮	১৪২.৮৭
৪	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী আইটেম পরর্বে)	২৫৪.২১	৪৩০.৯৬	১০১.৮৬	২৫৪.৯৬	৪৩৫.৫৯	১০৬.৪৮
৫	মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ মেয়াদে করের পর এবং অন্যান্য ব্যাপক আয় করের পর)	২৬১.৫৪	৬৭৯.৬৭	৯২.৫০	৪০১.২৮	৬৭৭.৭৫	৭০.৪২
৬	প্রদেয় ইক্যুইটি শেয়ার মূলধন	১,০২৬.৮১	১,০২৬.৮১	১,০২৬.৮১	৭৬৭.২০	৭৬৭.২০	৭৬৭.২০
৭	সংরক্ষিত (রেভালুশিশান রিজার্ভ ছাড়া) যা দেখানো হয়েছে অডিট ব্যালেন্স শিট পূর্বকার বছরে	-	২,১৯৫.১২	-	-	৩,৪৬৭.৬১	-
৮	শেয়ার প্রতি আয় (১০ টাকা প্রতি) (চলতি এবং আলাতি কারবারে)**						
	মূল	২.৪৮	৪.২১	০.৯৯	৩.৩২	৫.৬৮	১.৩৫
	মিশ্র	২.৪৮	৪.২১	০.৯৯	৩.৩২	৫.৬৮	১.৩৫

** বছর সমাপ্তে ৩১ মার্চ, ২০২৩ ছাড়া বার্ষিকীকৃত নহে।

দ্রষ্টব্য ঃ
১. উপরোক্ত সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফলাফলের অনিরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক ফলাফল ৩০জুন,২০২৩, যা প্রেরণ করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ অনুযায়ী। বিস্তারিত ফরমাট ত্রৈমাসিক এবং অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে ন্যানাল স্টেক এক্সচেঞ্জ ওয়েবসাইটে- (www.nseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইটে (https://www.hindcon.com)।
২. উপরোক্ত ফলাফল পর্যালোচনা করেছে অডিট কমিটি, যা অনুমোদন করেছে বোর্ড তাদের সভায় যা অনুষ্ঠিত হয়েছে ১২ আগষ্ট, ২০২৩ তারিখে।
৩. কোম্পানি প্রস্তুত করেছে একত্রীকরণ ফলাফল বিবরণী বার্ষিক ভিত্তিতে এবং একত্রীকরণ ফলাফল রাশিতে রয়েছে কোম্পানি সাবসিডারি মে. হিন্দকোন সলিউশান প্রাইভেট লিমিটেড।
৪. কোম্পানির কোন ব্যতিক্রমী এবং অতিরিক্ত-সাধারণ আইটেম নেই।

বোর্ডের আদেশানুসারে
হিন্দকোন কেমিক্যালস লিমিটেড
স্ব /-
সঞ্জয় গোয়েঙ্কা
চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর
DIN : 00848190

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ১২ আগস্ট, ২০২৩

TIRRIHANNAH COMPANY LIMITED
CIN : L6599WB1908PLC1838
Regd. Office : 5, Kiran Shankar Roy Road, Kolkata-700 001
Tel: (+91-033) 22487093/23430875/40056005 **Email Id:** tirrihannah.co@gmail.com, **Website:** www.tirrihannah.co.in

Extract of Statement of Standalone Unaudited Financial Result for the Quarter and Three Month ended June 30, 2023

(in Repees)

SL No		Quarter ended 30.06.2023 (Unaudited)	Quarter ended 31.03.2023 (Audited)	Quarter ended 30.06.2022 (Unaudited)	Year ended 31.03.2023 (Audited)
1	Total income from operations (net)	26,855,721.21	45,010,242.84	27,590,448.00	209,283,096.23
2	Net Profit/ (Loss) for the quarter/year (before Tax, Exceptional and/or Extraordinary Items)	(11,770,236.89)	(2,535,442.45)	(19,459,626.01)	6,517,487.31
3	Net Profit/(Loss) for the quarter/year before tax (after Exceptional and/or Extraordinary Items)*	(11,770,236.89)	(2,535,442.45)	(19,459,626.01)	6,517,487.31
4	Net Profit/(Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary Items)	(11,770,236.89)	(2,535,442.45)	(19,459,626.01)	6,517,487.31
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	(11,770,236.89)	(2,535,442.45)	(19,459,626.01)	6,517,487.31
6	Equity Share Capital	31,868,750.00	31,868,750.00	31,868,750.00	31,868,750.00
7	Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year				(11,618,021.04)
8	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) -				
	Basic :	(3.69)	(0.80)	(6.11)	2.05
	Diluted :	(3.69)	(0.80)	(6.54)	2.05

Note : a) The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the websites www.tirrihannah.co.in and https://www.cse-india.com

For and on behalf of the Board of Directors
UMESH KANKANI
(DIN - 00652561)
Place : Kolkata **Whole Time Director**
Date : 12.08.2023

TENDER NOTICE

The Secretary, Debuttor Trust Board, Cooch Behar invites etenders for the works "REPAIRING AND RENOVATION OF BHO